**Ex/CBCS/BNG/PG/3·55B/2024**

## স্নাতকোত্তর অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৪

## দ্বিতীয় বর্ষ, তৃতীয় সেমেস্টার

## বাংলা

## কোর্স : পিজি ৩.৫৫ বি (ঐচ্ছিক)

## রবীন্দ্রমনন ও বিভিন্ন সংস্কৃতি

সময় : ২ ঘণ্টা    পূর্ণমান : ৩০

*যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।*

*প্রশ্নগুলি সমান মানের।*    ১০×৩=৩০

১. উপনিষদ-সহ গোটা বৈদিক সাহিত্যকেই রবীন্দ্রনাথ এমনভাবে পড়েন যাতে অনেকক্ষেত্রেই মূল তাৎপর্য সম্পূর্ণ বদলে গিয়ে কবির নিজস্ব এক ব্যাখ্যানের জন্ম হতে থাকে। এ কথা কি তুমি মানবে? কয়েকটি উদাহরণ-সহ তোমার মতামত দাও।

**অথবা**

২. সাধারণভাবে 'গীতা' সম্পর্কে গভীর শ্রদ্ধাশীল হওয়া সত্ত্বেও মহাভারতের আখ্যানের মধ্যে স্থাপন করে 'গীতা' পড়তে গিয়ে রবীন্দ্রনাথের বারবারই মনে হয়েছে তাতে যেন নিত্যকাল আর ক্ষণকালের দুই ভিন্নধর্মী সুরের মধ্যে সামঞ্জস্যের অভাব ঘটছে। গীতা সম্পর্কে রবীন্দ্রনাথের এই মনোভাব নিজের ভাষায় বিশ্লেষণ করে বুঝিয়ে দাও।

৩. রবীন্দ্রসাহিত্যে বৌদ্ধধর্ম ও দর্শন কীভাবে প্রতিফলিত হয়েছে তা কয়েকটি দৃষ্টান্ত দিয়ে বুঝিয়ে দাও।





৪. রবীন্দ্রনাথের ইতালি ভ্রমণ ও মুসোলিনি সম্পর্কে অবস্থা পরিবর্তনের বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।

**অথবা**

৫. রবীন্দ্রনাথ ও রোমা রোঁলার পারস্পরিক ভাব বিনিময় মানবতার ইতিহাসে গুরুত্বপূর্ণ কেন? আলোচনা করে বুঝিয়ে দাও।

৬. দ্বীপময় শ্যামদেশ ভ্রমণ পর্বে রবীন্দ্রনাথ বেশ কয়েকটি কবিতা লিখেছিলেন। সংশ্লিষ্ট কবিতাগুলির মধ্যে তুমি রবীন্দ্রমানসের বিশেষ কোনো দিক কি খুঁজে পাও? যুক্তিসহ তোমার মতামত দাও।

**অথবা**

৭. ভারত সংস্কৃতির সঙ্গে রবীন্দ্রনাথ দ্বীপময় শ্যামদেশের সংস্কৃতিগত যে সাযুজ্য খুঁজে পেয়েছিলেন তার পরিচয় দাও।

৮. প্রথম যৌবনে রবীন্দ্রনাথ চীনকে যেভাবে জেনেছিলেন, পরিণত বয়সে বক্তৃতা দিতে গিয়ে সেই চীনকে পেয়েছিলেন অন্যভাবে। রবীন্দ্রনাথের চীন ভ্রমণের অভিজ্ঞতার নিরিখে সেই বৈপরীত্যের দিকটি বিশ্লেষণ করো।

**অথবা**

৯. পারস্য ভ্রমণ পর্বে রবীন্দ্রনাথ পারস্য-সংস্কৃতির ঐতিহ্যের যে দিকগুলি প্রত্যক্ষ করেছিলেন তার পরিচয় দাও।

★★★